দৈনিক সংবাদ

তারিখ ... JAN. 1 2 1999
পৃষ্ঠা ১ কলাম ২......

132

প্রাথমিক পাঠ্যবই

# বান্দরবানের ৬টি থানায় এখনো পাঠানো যায়নি

বান্দরবান থেকে জেলা বার্তা পরিবেশক ঃ সরকারি নির্দেশ সত্ত্বেও গত ৩রা জানুয়ারি বান্দরবান জেলা প্রাথমিক শিক্ষা অফিস শহর এলাকা ছাড়া ৬টি থানায় প্রাথমিক পাঠ্য বইয়ের সেট সরবরাহ করতে পারেনি। কেবল জেলা শহরের প্রাথমিক বিদ্যালয়গুলোতে ৩রা জানুয়ারি ঠেলাগাড়িতে করে বই পাঠানো হয়েছে।

ঐদিন বিকেলে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জানান, বান্দরবান জেলায় প্রাথমিক বইয়ের চাহিদা মোট ১ লাখ ৩৭ হাজার ৩শ' ৬৩ সেট। কিন্তু ৩১শে ডিসেম্বর পর্যন্ত এই অফিস প্রেস থেকে বই সরবরাহ পেয়েছে ১ লাখ ৮ হাজার ৭শ' ২০ সেট। বাকি বই অর্থাৎ ২৯ হাজার সেট এখনো এখানে এসে পৌঁছেনি। তৃতীয় শ্রেণীর সমাজ, ইসলাম ধর্ম, হিন্দুধর্ম, খৃস্টান ধর্ম এবং বৌদ্ধ ধর্ম, চতুর্থ শ্রেণীর বাকি বই হচ্ছে বাংলা ও ইসলাম ধর্ম। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আরো জানান, বাদবাকি বই পাঠানোর ব্যাপারে ঢাকায় শিক্ষা অধিদপ্তরকে জানানো হয়েছে। পরিবহনগত জটিলতার কারণে এসব বই জেলা অফিসে না আসা পর্যন্ত ৬টি থানায় পাঠ্যবই পাঠানো সম্ভব না বলেও তিনি জানান।

যেসব প্রতিষ্ঠান এখনো অবশিষ্ট পাঠ্যবইয়ের সেট পাঠাতে পারেনি, সেগুলো হচ্ছেঃ শুভেচ্ছা প্রেস এন্ড পাবলিকেশন্স, মৈত্রী প্রেস এন্ড পাবলিকেশন্স, হাইটেক কম্পিউটার এন্ড পাবলিকেশন্স, নাজনীন প্রিন্টিং, সালেহীন প্রিন্টিং এবং স্কাইলার্স প্রিন্টার্স।